ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 151 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ৩০৭ ● কলকাতা ● ২৯ কার্ত্তিক, ১৪৩২ ● রবিবার ● ১৬ নভেম্বর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## বাংলায় বিয়েবাড়িতে এসে NIA-র জালে 'জঙ্গি' চিকিৎসক পড়ুয়া?




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দিল্লির নাশকতার সঙ্গে নাম জুড়েছে হরিয়ানার ফরিদাবাদের আল-ফালাহ বিশ্ববিদ্যালয়ের। এই ঘটনায় ধৃত সেখানকার তিন চিকিৎসক। এনআইএ-র জালে ওই বিশ্ববিদ্যালয়ের আরও এক পড়ুয়া। উত্তর দিনাজপুরের সূর্যাপুর বাজার এলাকা থেকে তাকে পাকড়াও করা হয়েছে। মা ও বোনকে নিয়ে পৈতৃক বাড়িতে বিয়েবাড়িতে এসেছিল।বলে রাখা ভালো, দিল্লি বিস্ফোরণের পর বাংলাতে এর আগেও তল্লাশি অভিযান চালিয়েছে এনআইএ। মুর্শিদাবাদের নবগ্রামেও হানা দেন তদন্তকারীরা। পরিযায়ী মইনুল হাসানের বাড়িতে তল্লাশি চালান। জানা গিয়েছে, মইনুল কখনও দিল্লি, আবার কখনও মুম্বইয়ে কাজ করে। জানা গিয়েছে, দিল্লিতে কাজ করার সময় এক বাংলাদেশির সঙ্গে থাকতেন মইনুল হাসান। সেই বাংলাদেশির সঙ্গে মইনুলের দীর্ঘদিন ধরে

এরপর ৩ পাতায়

পর্ব 114

## হিমালয়ের সমর্পণ যোগ



সেইজন্য ঐ আদিবাসী লোকেরা পৃথিবীর উপর বসে প্রথম পৃথিবীকে নমস্কার করে, নত হয়। পৃথিবীর সামনে নিজেকে নতমস্তক করে। আর পরে পূর্ণ আস্থার সঙ্গে, পূর্ণ শ্রদ্ধাতে ভরপুর হয়ে প্রার্থনা করে যে তোমাকে আমরা সম্পূর্ণ সমর্পণ করছি।

ক্রমশঃ



# মোটা টাকার বিনিময়ে 'CAA' এর ফর্ম ফিলাপের অভিযোগ! বিতর্কে 'হিন্দু জাগরন মঞ্চ'। চাঞ্চল্য বাসন্তীতে




**নুরসেলিম লস্কর, বাসন্তী**

দেশ জুড়ে SIR অবহের মধ্যে এবার টাকার বিনিময়ে CAA ফর্ম ফিলাপ করানোর অভিযোগে চঞ্চল্য ছাড়ালো দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীতে! জানাগিয়েছে, বাসন্তীর উত্তর মোকামবেড়িয়া গ্রাম পঞ্চায়েতের পালবাড়ি এলাকায় হিন্দু জাগরন মঞ্চের তরফে রীতিমতো ক্যাম্প খুলে কোথাও হাজার টাকা কোথাও আবার বারো-শো টাকার বিনিময়ে চলছে সিএএ-র ফর্ম ফিলাপ। আর এই বিষয় কে কেন্দ্র করে শনিবার সকাল থেকে রাজ্য রাজনীতিতে শুরু হয়েছে তৃণমূল, বিজেপি রাজনৈতিক তরজা। এবিষয়ে রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে দাবি করা হয়েছে,বর্তমানে রাজ্যে এসআইআর (SIR) সংক্রান্ত আতঙ্কে বহু মানুষ দিশেহারা। সেই পরিস্থিতির সুযোগ নিয়েই বিজেপি-ঘনিষ্ঠ সংগঠন হিন্দু জাগরণ মঞ্চের কর্মীরা মানুষকে ভয় দেখাচ্ছেন এবং বিভ্রান্ত করছেন। যাদের ২০০২ সালের ভোটার তালিকায় নাম নেই, তাঁদের উদ্দেশ্যে “সমস্যায় পড়তে পারেন” বলে আতঙ্ক ছড়ানো হচ্ছে। অভিযোগ আরও গুরুতর—CAA ফর্ম ফিলাপের পাশাপাশি ওই মানুষদের ‘হিন্দুত্বের সার্টিফিকেট’ বানিয়ে দেওয়ার আশ্বাসও দেওয়া হচ্ছে। তৃণমূল নেতৃত্বের আরো অভিযোগ, পশ্চিমবঙ্গে এখনও CAA কার্যকর হয়নি। কেন্দ্রীয় নির্দেশিকা কার্যকর না-হওয়ার পরেও পরিকল্পিত ভাবে মানুষকে ভুল পথে চালিত করে টাকা আদায় করা হচ্ছে। ফলে এলাকায় আতঙ্ক বাড়ছে তাঁদের মধ্যেই, যারা বহু বছর আগে বাংলাদেশ থেকে ভারতে এসেছেন এবং যাদের নাম প্রাচীন ভোটার তালিকায় নেই। আর দলের সুরে সুর মিলিয়ে বাসন্তীর বিধায়ক শ্যামল মন্ডল বলেন, " CAA এর নাম করে বেআইনি ভাবে বিজেপি যেভাবে মোটা টাকার বিনিময়ে ফর্ম ফিলাপ করাচ্ছে তার বিরুদ্ধে আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং এর বিরুদ্ধে আমি আমার ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি জানাবো সেই সঙ্গে প্রশাসনকেও জানাচ্ছি এবিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য। "

আর তৃণমূল ও স্থানীয়দের অভিযোগ পুরোপুরি অস্বীকার না করে হিন্দু জাগরণ মঞ্চের তরফে জানানো হয়েছে,'তাঁরা কোন অনৈতিক কাজ করছে না! বরং মানুষের সুবিধার্থে তাঁরা সহায়তা করছেন। কেবল মাত্র এই ফর্ম ফিলাম করতে যেটুকু খরচ হয় সেই অর্থের বিনিময়ে। " আর এবিষয়ে বিজেপির জয়নগর সংগঠনিক জেলার সাধারণ সম্পাদক বিকাশ সর্দারের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, " আমাদের দলের তরফে এরকম কোন কাজ বাসন্তীর কোথাও হচ্ছে না। আমরা এবিষয়ে কিছু জানিনা। " তবে, সব মিলিয়ে SIR নিয়ে রাজ্য জুড়ে রাজনৈতিক চাপানউতোরের মধ্যেই এই ঘটনা নতুন করে উত্তেজনা তৈরি করেছে বাসন্তী এলাকায়। আর এই পরিস্থিতিতে প্রশাসনের তরফে বিষয়টি খতিয়ে দেখার দাবি তুলছেন স্থানীয়রা ।

# সুষ্ঠু ভোটের জন্য SIR প্রয়োজন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বিহার নির্বাচন ফলাফলে ফের এসআইআর-এর গুরুত্বের কথা বললেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। তাঁর মতে, এসআইআর নতুন পদ্ধতি, সুষ্ঠু নির্বাচনের জন্য তা প্রয়োজন ছিল। বিহারের মতো বাংলাতেও জনতা এই পদ্ধতি ভালোভাবে গ্রহণ করবেন এবং তাতে নির্বাচনও ভালোভাবে হবে বলে আশাপ্রকাশ করেছেন তিনি।তবে এদিন রাজ্যপালের এহেন মন্তব্যের পালটা দিয়েছেন তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। তাঁর কড়া মন্তব্য, ''রাজ্যপালকে আগে বলুন তাঁর রাজভবনে বিজেপির অপরাধীদের যাতে না রাখে। রাজভবনে অপরাধী রাখছেন আর তাদের একটা করে বন্দুক দিচ্ছেন, বোমা দিচ্ছেন। বলছেন, মেরে এসো তৃণমূলের লোকেদের। আগে



এসব বন্ধ করুন। তিনি অপদার্থ রাজ্যপাল! বিজেপির চাকরবাকর রাজ্যপাল যতদিন থাকবে, ততদিন ভালো জিনিস পশ্চিমবাংলায় হবে না।'' তৃণমূলের বরাবরের অভিযোগ, রাজভবন কেন্দ্রের শাসকদল বিজেপি দ্বারা প্রভাবিত। তাই এসআইআর নিয়ে বারবারই সাফাই শোনা যাচ্ছে তাঁর গলায়। তৃণমূলের সেই অভিযোগের সত্যতাই যেন প্রমাণিত হল রাজ্যপালের শনিবারের মন্তব্যে।শনিবার রাজ্যপালের এই মন্তব্যের পর অবশ্য পালটা দিয়েছেন তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। তাঁর মন্তব্য, ''বিজেপির চাকরবাকরের মতো রাজ্যপাল যতদিন থাকবেন, ততদিন ভালো কিছু পশ্চিমবঙ্গে হবে না।''

শনিবার এক অনুষ্ঠানে গিয়ে বিহার বিধানসভা ভোটের ফলাফল নিয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোস বলেন, ''SIR নতুন পদ্ধতি, সুষ্ঠু নির্বাচনের জন্য তা প্রয়োজন। বিহারে তার প্রমাণ হয়েছে।'' তাঁর আরও মন্তব্য, ''ভোট হওয়া উচিত ব্যালটে, বুলেটের মাধ্যমে নয়। রাজ্যের মানুষ SIR নিয়ে বিভ্রান্ত। তাঁদের বিষয়টা বোঝাতে হবে। আমি নিশ্চিত, এ রাজ্যের মানুষও SIR গ্রহণ করবেন।'' এই প্রথম নয়, রাজ্যে এসআইআর শুরুর সময় থেকেই তার স্বপক্ষে বলেছিলেন আনন্দ বোস। বিহার নির্বাচনের পরিপ্রেক্ষিতে আবারও সেকথা শোনা গেল তাঁর গলায়।







# আখলাক গণপিটুনি মামলা প্রত্যাহারের পথে যোগী সরকার

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



২০১৫ সালে মহম্মদ আখলাক হত্যাকাণ্ড মামলায় পিছু হটল উত্তরপ্রদেশ সরকার। ২০১৫ সালে দাদরিতে গোরক্ষক দলের গণপিটুনিতে মৃত্যু হয়েছিল আখলাকের। প্রায় এক দশক পর এই মামলায় অভিযুক্ত ১০ জনের বিরুদ্ধে আনা যাবতীয় অভিযোগ প্রত্যাহার করার পথে হাঁটল যোগী সরকার।তবে ১০ বছর পর এই মামলায় ভোলবদল করল যোগী সরকার। সম্প্রতি আদালতে সরকারের তরফে একটি আবেদন জানানো হয়েছে, যেখানে বলা হয়েছে ফৌজদারি কার্যবিধির ৩২১ ধারায় মামলাটি প্রত্যাহার করতে চায় রাজ্য। জানা যাচ্ছে, গত ২৬ অক্টোবর রাজ্য সরকারের তরফে এই সংক্রান্ত একটি চিঠি আসে সরকারি কৌঁসুলির কাছে। যেখানে বলা হয়, উত্তরপ্রদেশের রাজ্যপাল লিখিত অনুমোদন দিয়েছে মামলাটি প্রত্যাহার করার জন্য। আরও জানানো হয়, আখলাকের বাড়ি থেকে যে মাংস উদ্ধার হয়েছিল তা ল্যাবরেটরি গোমাংস হিসেবে চিহ্নিত হয়েছে। সরকারি চিঠির পর গত ১৫ অক্টোবর আদালতে রাজ্যসরকারের আবেদন জমা দেওয়া হয় সরকারি আইনজীবীর তরফে। আদালত অনুমতি দিতে প্রত্যাহার করা হবে মামলাটি।কেন্দ্রে পালাবদলের পরপরই ২০১৫ সালের ২৮ সেপ্টেম্বর ভয়ংকর হত্যাকাণ্ড ঘটে উত্তরপ্রদেশের বিসাহাড়া গ্রামে।বাড়িতে গরু জবাই করে রাখা হয়েছে এমনই গুজবে আখলাক ও তার ছেলে দানিশকে বাড়ি থেকে বের করে এনে বেধড়ক মারধর করা হয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় আখলাকের। গুরুতর আহত হয় তাঁর ছেলে। এই হত্যাকাণ্ড সাড়া ফেলে দেয় গোটা দেশে। পরবর্তী সময়ে দেশের নানা প্রান্তে ঘটে গোরক্ষার নামে এমন হত্যা। এই ঘটনায় একাধিক জনকে গ্রেপ্তার করে পুলিশ। যাঁদের মধ্যে ছিলেন স্থানীয় বিজেপি নেতা সঞ্জয় রানার ছেলে বিষ্ণু রানাও। অভিযুক্তদের বিরুদ্ধে খুন-সহ একাধিক জামিন অযোগ্য ধারায় মামলা দায়ের করা হয়।

(১ম পাতার পর)

# বাংলায় বিয়েবাড়িতে এসে NIA-র জালে 'জঙ্গি' চিকিৎসক পড়ুয়া?

যোগাযোগ রয়েছে বলে দাবি। সেই সময়ে কোনও জঙ্গি সংগঠনের সদস্যদের সঙ্গে মুর্শিদাবাদের ওই পরিযায়ীর যোগাযোগ হয়েছিল কি না, তা খতিয়ে দেখছে এনআইএ। উল্লেখ্য, দিল্লিতে বিস্ফোরণের পর সরকারিভাবে বুধবার ঘটনার তদন্তভার নেয় এনআইএ। তদন্তে নেমে মইনুলের ফোন নম্বর পায় তদন্তকারী সংস্থা। তবে এখনও পর্যন্ত কোনও গ্রেপ্তারির খবর পাওয়া যায়নি।সেখান থেকে ফেরার পথে মোবাইল টাওয়ার লোকেশনের সূত্র ধরে তাকে পাকড়াও করেন তদন্তকারীরা। আপাতত শিলিগুড়ি নিয়ে যাওয়া হয়েছে ধৃতকে।

জানা গিয়েছে, ধৃত জানিসুর ওরফে নিশার আলম পাঞ্জাবের লুধিয়ানাতে থাকেন। তাঁদের পৈতৃক বাড়িতে ডালখোলার কোনাল গ্রামে। দিনকয়েক আগে ওই বাড়িতে এক আত্মীয়র বিয়ে ছিল। সেখানেই এসেছিলেন অভিযুক্ত। সেই সময় তাকে পাকড়াও করেন তদন্তকারীরা। সম্ভবত দিল্লি বিস্ফোরণ কাণ্ডের সঙ্গে যুক্ত রয়েছে নিশার। তবে কীভাবে নাশকতার সঙ্গে যুক্ত নিশার, তা এনআইএ-র তরফে এখনও কোনও তথ্য দেওয়া হয়নি।

এদিকে, নিশারের গ্রেপ্তারিতে অবাক তাঁর পরিবারের লোকজনেরা। ঘরের ছেলের সঙ্গে 'জঙ্গি' যোগ কেউ বিশ্বাসই করতে পারছেন না। যুবকের কাকা বলেন, "খুবই শান্ত এবং ভদ্র ছেলে। দিনরাত পড়াশোনা নিয়েই ব্যস্ত থাকত। আর কোনও কিছুতেই ওর মন নেই। সে-ই কিনা বিস্ফোরণের সঙ্গে যুক্ত, মানতে পারছি না।" ছেলেকে এনআইএ গ্রেপ্তার করার খবর পাওয়ার পর থেকে ডুকরে কেঁদে চলেছেন নিশারের মা। ছেলে কোনও অপরাধমূলক কাজের সঙ্গে যুক্ত থাকতে পারে না বলেই মত তাঁর।

# বীরসা-মুন্ডার জন্মদিনে আদিবাসী বৃদ্ধদের পা ধুইয়ে দিলেন শুভেন্দু



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

নির্বাচনী বৈতরণী পেরতে কত কী-ই না করতে হয় রাজনৈতিক নেতা, মন্ত্রীদের। প্রতিবছর ভোটের আগে তাঁদের নানা কার্যকলাপের দৃশ্য ধরা পড়ে সংবাদমাধ্যমে। কেউ মাঠে নেমে কৃষকদের সঙ্গে চাষের কাজে হাত লাগান, তো কাউকে দেখা যায় গ্রামাঞ্চলে জনসংযোগের জন্য আমজনতার সঙ্গে খাটিয়ায় বসে গল্প করতে, খাবার খেতে। বিহার নির্বাচনে এসআইআরের প্রভাব, বঙ্গে এসআইআরের কাজে বিএলও-দের চাপ, ভোটার তালিকা সংশোধন, রাজ্যে রাষ্ট্রপতি শাসনের দাবি-সহ একাধিক ইস্যুতে বক্তব্য রেখেছেন বিরোধী দলনেতা। তাঁর মন্তব্য, "৭ ফেব্রুয়ারির মধ্যে চূড়ান্ত ভোটার তালিকা না বেরলে ভোট হবে না। আর ভোট না হলে ৫ মে রাষ্ট্রপতি শাসন কাউকে চাইতে হবে, তা সংবিধান অনুযায়ী হয়ে যাবে।" অর্থাৎ ফের তিনি প্রমাণ করলেন যে বিজেপি বারবার রাষ্ট্রপতি শাসনের দাবি করে বাংলার আইনশৃঙ্খলা পরিস্থিতিকেই কাঠগড়ায় তুলতে চাইছে।এ রাজ্যের বিরোধী দলনেতারও তেমনই এক ছবি এবার প্রকাশ্যে এল। বীরসা-মুন্ডার জন্ম সার্ধশতবর্ষে আদিবাসী আবেগ উসকে বৃদ্ধদের পা ধুইয়ে, গামছা দিয়ে মুছে দিলেন শুভেন্দু অধিকারী! হুগলির সপ্তগ্রামের এক অনুষ্ঠানে তাঁর এই কীর্তি প্রকাশ্যে আসার পর যথারীতি কটাক্ষ করেছে ঘাসফুল শিবির।

শনিবার, বীরসা-মুন্ডার জন্মজয়ন্তীতে দিনভর হুগলির নানা জায়গায় একাধিক কর্মসূচিতে ব্যস্ত ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তাঁর সঙ্গে ছিলেন বারাকপুরের প্রাক্তন বিজেপি সাংসদ অর্জুন সিং। বিকেলের দিকে তিনি গিয়েছিলেন সপ্তগ্রাম এলাকায়। সেখানে বীরসা-মুণ্ডার মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান। এরপরই দেখা যায়, সেখানে উপস্থিত একদল আদিবাসী বৃদ্ধকে

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

### বৈঠক ডাকল নির্বাচন কমিশন

বিহারের বিধানসভা নির্বাচন শেষ। এবার পালা বাংলার। ইতিমধ্যেই বাংলায় চালু হয়েছে SIR প্রক্রিয়া। আর এই আবহে বাংলায় যাতে এই প্রক্রিয়া স্বাভাবিকভাবে সম্পন্ন হয় তার জন্য প্রস্তুতি নিচ্ছে নির্বাচন কমিশন। এই আবহের মধ্যেই এবার এসআইআর নিয়ে জরুরি বৈঠক ডাকলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। কেউ কেউ আবার তৃণমূল নেতার বাড়ি থেকেও ফর্ম দিয়েছেন। এই সমস্ত কিছু কমিশনের কাছে যেতেই সঙ্গে-সঙ্গে নড়েচড়ে বসে তারা। শোকজ করার হুঁশিয়ারি দেওয়া হয়। পরবর্তীতে প্রায় আট জন বিএলও-কে শোকজও করে কমিশন।জাতীয় নির্বাচন কমিশনের আধিকারিকদের উপস্থিতিতেই এই বৈঠক ডাকা হয়েছে। সূত্রের খবর, বুথ লেভেল অফিসারদের (BLO) তরফ থেকে ওঠা একাধিক অভিযোগ নিয়ে বৈঠকে আলোচনা হতে পারে। আজকের মধ্যেই শেষ করতে হবে জেলায়-জেলায় এসআইআর ফর্ম দেওয়ার কাজ। জেলায়-জেলায় নির্দেশ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের।


আগামী ১৮ নভেম্বর বৈঠক হবে। জানা গিয়েছে, বিকেল পাঁচটা থেকে এই বৈঠক ডাকা হয়েছে বিভিন্ন জেলার জেলাশাসক তথা ডিসট্রিক ইলেকশন অফিসার, ওসি ইলেকশনদের নিয়ে। কেন এই বৈঠক? জানা যাচ্ছে, একাধিক জায়গায় ভোটারদের অনুপস্থিতি, মৃত ভোটারদের তালিকা তৈরির প্রস্তুতি কতদূর এগোল?

তা নিয়ে আলোচনা করতেই জরুরি বৈঠক আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের বলেই কমিশন সূত্রে খবর। উল্লেখ্য, এসআইআর নিয়ে একের পর এক অভিযোগ আগেই উঠেছে। বিএলও-দের একাংশের বিরুদ্ধে অভিযোগ যে তাঁরা যেখান-সেখান থেকে ফর্ম দিচ্ছিলেন। কোথাও দেখা যাচ্ছিল, কখনও বাসস্ট্যান্ড বা কখনও রাস্তার ধারের চায়ের দোকান থেকে ফর্ম দিচ্ছিলেন বিএলও-রা।

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



মৃত্যুঞ্জয় সরদার
(সপ্তম পর্ব)



মনে মনে ডাকলে ভক্তের সকল আশা ও মনবাঞ্ছা পূরণ হয়ে থাকে । তবে বাবা লোকনাথ শ্রীকৃষ্ণের জন্মদিন জন্মাষ্টমীতে; ১৭৩০ খ্রিস্টাব্দের ৩১ আগস্ট (১৮ ভাদ্র, ১১৩৭ বঙ্গাব্দ) কলকাতা থেকে কিছু দূরে; উত্তর ২৪ পরগণার চৌরাশি চাকলা গ্রামে একটি ব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম রামনারায়ণ ঘোষাল এবং মাতা

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

## বীরসা-মুন্ডার জন্মদিনে আদিবাসী বৃদ্ধদের পা ধুইয়ে দিলেন শুভেন্দু

চেয়ারে বসিয়ে তাঁদের পা ধুইয়ে দিচ্ছেন শুভেন্দু। শুধু তাই নয়, আদিবাসীদের ঐতিহ্যবাহী ডুরে গামছা দিয়ে পা মুছিয়েও দিলেন।

আদিবাসী উন্নয়ন নিয়ে শুভেন্দুর বক্তব্য, "যারা তফসিলি জাতিভুক্ত নয়, তাদের সার্টিফিকেট দিয়ে যারা প্রকৃত এসটি, তাদের অধিকার কাড়া হচ্ছে। জনগোষ্ঠী গ্রামকে মডেল গ্রাম করতে চায় ভরত সরকার। যেখানে সৌর আলো থাকবে, পাকা বাড়ি, শৌচালয় থাকবে, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থাকবে। সাঁওতালি ভাষায় পড়াশোনার জন্য শিক্ষাকেন্দ্র থাকবে, নলকূপ থাকবে। সেখানে করতে দেননি কেন? পশ্চিমবঙ্গের আদিবাসী সমাজকে ঐক্যবদ্ধ করার কথা বলব। দ্রৌপদী মুর্মুকে রাষ্ট্রপতি করার মধ্যে দিয়ে প্রধানমন্ত্রী বুঝিয়ে দিয়েছেন আদিবাসীদের সর্বোচ্চ সম্মান দিতে চান।"

শুভেন্দুর এই ছবি প্রকাশ্যে আসতেই তৃণমূল শিবিরে যথারীতি কটাক্ষের বন্যা। আসলে এই বিরোধী দলনেতাই রাজ্যের মন্ত্রী তথা আদিবাসী সম্প্রদায় থেকে উঠে আসা জনপ্রতিনিধি বীরবাহা হাঁসদাকে জাত নিয়ে অপমান করেছিলেন। সেই জল গড়িয়েছিল আদালতের দোরগোড়া পর্যন্ত। এবার বীরসা-মুন্ডার জন্মদিবসকে সামনে রেখে শুভেন্দুর পা ধোয়ানো যে স্রেফ লোকদেখানো, তেমনই মত শাসকশিবিরের। নাম প্রকাশে অনিচ্ছুক এক তৃণমূল নেতার খোঁচা, সামনে ভোট, তাই আদিবাসীদের কথা মনে পড়েছে শুভেন্দু অধিকারীর। অন্য সময় পিছিয়ে পড়া সম্প্রদায়ের কথা তাঁরা ভুলে থাকেন। অথচ সারাবছর ধরে আদিবাসীদের পাশে থেকে তাদের উন্নয়নের জন্য একমাত্র মমতা বন্দ্যোপাধ্যায় সরকার কাজ করে বলেই দাবি তাঁর।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

দেবী পদ্ম-বেদীতে ললিতাসনে প্রসন্ন মুখে বসা, গলায় মুণ্ডমালা, চার হাতের (ডানদিকে) দুটিতে ধনুক ও ত্রিশূল; আর বাঁদিকে কপাল ও তূণ থেকে বার করছেন একটা তির। ডান পা এক নগ্ন পুরুষের উপরে রাখা" (২৩২)।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(৩ পাতার পর)

# গঙ্গাসাগর স্নানেই জীবনের মোক্ষ লাভ

**ঈশানী মল্লিক :**

**(নবম পর্ব)**

পরিষেবা পরিচালিত হয়। বেশ কিছু অস্থায়ী জেটি নির্মাণ করা হয় দ্রুত ও অধিক তীর্থযাত্রী পরিবহনের উদ্দেশ্যে। কেন্দ্রীয় কন্ট্রোলরুম থেকে সমস্ত ভেসেল ও বাসে নজরদারি চালানো যাবে। নজরদারির জন্য সাগরদ্বীপের সব পরিবহণে জিপিএস ও নেভিক (নেভিগেশন উইথ ইন্ডিয়ান কনস্টেলেশন) প্রযুক্তি ব্যবহৃত হয়। কুয়াশায় জন্য দৃশ্যমানতার সমস্যা রুখতে ভেসেলে নেভিগেশন লাইটের ব্যবস্থাও করা হবে।

মেলা উপলক্ষে প্রতিবছর পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে তীর্থযাত্রীদের জন্য প্রয়োজনীয় বেশ কিছু অস্থায়ী পরিকাঠামো নির্মাণ করা হয়। গঙ্গাসাগরসংগমে অস্থায়ী ঘাট, এবং ঘাট থেকে মন্দিরে তীর্থযাত্রীদের চলাচলের জন্য রাস্তা তৈরি করা হয়। মেলা প্রাঙ্গণে পানীয় জলের সুবিধা ও শৌচালয়ের ব্যবস্থা করা হয়।

পশ্চিমবঙ্গ সরকার মেলায়



চিকিৎসা পরিষেবা প্রদান করে, এবং গুরুতভাবে অসুস্থ পুণ্যার্থীদের দ্রুত আকাশপথে (এয়ারলিফট) কলকাতায় পৌঁছে দেওয়া হয়।

চিকিৎসা পরিষেবা প্রদানের জন্য মেলা প্রাঙ্গণে ৩০০ শয্যাবিশিষ্ট একটি অস্থায়ী হাসপাতালও তৈরি করা হয়। সরকারের পাশাপাশি অনেক স্বেচ্ছাসেবী সংগঠন মেলায় প্রাথমিক চিকিৎসা থেকে আরম্ভ করে সেবামূলক কর্মকাণ্ডে জড়িত রয়েছে।

সাধুসন্তরের উপস্থিতি:

হিমালয়ে বসবাসকারী সাধুসন্তরা মেলা উপস্থিত হন। তাঁরা তীব্র শীত উপেক্ষা করে ধর্মীয় রীতিনীতি অনুসারে কেবল ছাইভস্ম গায়ে মেখে অনাবৃত অবস্থায় থাকার জন্য বিশেষভাবে পরিচিত।

রাজ্য ও দেশের বিভিন্ন প্রান্ত থেকে কীভাবে পৌঁছবেন পুন্য তিথিতে এই জায়গায়:

গঙ্গাসাগর মেলায় যোগ দেওয়ার জন্য, আপনাকে প্রথমে সাগরদ্বীপ পৌঁছাতে হবে যা কলকাতা থেকে মাত্র ১২৪ কিলোমিটার দূরে অবস্থিত। মেলা প্রাঙ্গণ কলকাতা বা ভারতের অন্যান্য অঞ্চলের সাথে ভালভাবে সংযুক্ত। আপনি এই পথে মোটামুটি বাধাহীন ভাবেই সাগরদ্বীপে পৌঁছাতে পারেন:-

দেশের বিভিন্ন প্রান্ত থেকে অসংখ্য ট্রেন হাওড়া স্টেশনের সাথে সংযোগ করছে। তাই হাওড়া স্টেশনে পৌঁছতে সমস্যা হওয়ার কথা নয়। প্রচুর স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন বা এমনকি ব্যক্তিগত পরিবহন অপারেটর রয়েছে যারা আপনাকে গন্তব্যে নিয়ে যেতে পারে যদি আপনি হাওড়া স্টেশন বা আউট্রামঘাট বা কলকাতার এসপ্ল্যানেডে পৌঁছান।

বাস অথবা গাড়িতে:

কলকাতা থেকে গঙ্গাসাগরের যাত্রাপথ বেশ দীর্ঘ। প্রথমে বাবুঘাট থেকে কাকদ্বীপ যাওয়ার বাস ধরতে হবে, অথবা এসপ্ল্যানেড বাস টার্মিনাস থেকে কাকদ্বীপ যাওয়ার বাস পেতে পারেন। সময় লাগবে প্রায় ৩ ঘন্টা। সেখান থেকে মুড়িগঙ্গা নদী নৌকা বা লঞ্চে পেরিয়ে পৌঁছবেন কচুবেড়িয়া। কচুবেড়িয়া থেকে গঙ্গাসাগরে যাওয়ার বাস বা গাড়ি পাওয়া

**ক্রমশঃ**

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance [illegible] - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)
Mobile : 9564382031

# নতুন করে সংঘর্ষের পর থাইল্যান্ড-কম্বোডিয়াকে ট্রাম্পের ফোন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



নতুন করে সংঘর্ষে জড়িয়েছে দক্ষিণ-পূর্ব এশীয়ার দুই প্রতিবেশী দেশ থাইল্যান্ড ও কম্বোডিয়া। নতুন এই সংঘর্ষ শুরু হওয়ার পর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প উভয় দেশের নেতাদের সঙ্গে ফোনে কথা বলেছেন। মধ্যস্থতা করা শান্তিচুক্তি জোরদার করার জন্য দুই দেশের প্রতি আহ্বান জানান তিনি।

থাইল্যান্ড সোমবার একটি স্থলমাইন বিস্ফোরণের অভিযোগের পর চুক্তিটি স্থগিত করে। এরপর বুধবার উভয় পক্ষ নতুন সংঘর্ষের অভিযোগ তুলেছে। নমপেন (কম্বোডিয়া) জানিয়েছে, একজন বেসামরিক নাগরিক নিহত হয়েছে।

ফ্লোরিডা যাওয়ার সময় এয়ার ফোর্স ওয়ানে সাংবাদিকদের উদ্দেশে ট্রাম্প বলেন, তিনি উভয় দেশের নেতাদের সঙ্গে কথা বলেছেন।

এক সাংবাদিক জিজ্ঞাসা করেন যে, তিনি থাইল্যান্ড এবং কম্বোডিয়ার নেতাদের সাথে কথা বলছেন কি না, তখন ট্রাম্প বলেন, “শুল্ক আরোপের হুমকি দিয়ে, আজই আমি একটি যুদ্ধ থামিয়ে দিলাম।”

তিনি আরও বলেন, “ওরা দারুণ করছে। আমার মনে হয় ওরা ঠিক হয়ে যাবে।”

হোয়াইট হাউস জানিয়েছে, তিনি (ট্রাম্প) মালয়েশিয়ার সাথেও যোগাযোগ করেছেন। মালয়েশিয়া থাইল্যান্ড-কম্বোডিয়ার সংঘাতের অবসানে মধ্যস্থতাকারী হিসেবে কাজ করছে।

এই গ্রীষ্মে থাইল্যান্ড এবং কম্বোডিয়ার মধ্যে পাঁচ দিনের যুদ্ধ শুরু হয়। যুদ্ধবিরতি কার্যকর হওয়ার আগে ৪৩ জন নিহত এবং প্রায় ৩ লাখ মানুষ বাস্তুচ্যুত হয়।

থাইল্যান্ড ও কম্বোডিয়ার মধ্যে সীমান্ত নিয়ে শতাব্দী প্রাচীন এক বিরোধ রয়েছে, যা ফ্রান্সের উপনিবেশিক শাসনের সময়ের মানচিত্রের ওপর ভিত্তি করে। দুই দেশই কিছু সীমান্ত মন্দিরের মালিকানা দাবি করে আসছে।

# মুর্শিদাবাদে ভোট লুট হয়! কারা, কীভাবে করে?



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

হুমায়ুন কবীর মানেই বিতর্ক। এই দলকে হুঁশিয়ারি দিচ্ছেন, তো এই হুঁশিয়ারি দিচ্ছেন জেলার নেতাদের। কাউকে ভাগীরথীর জলে ফেলার কথা বলছেন, তো কারও যোগ্যতা নিয়ে প্রশ্ন তুলে দলের বিরাগভাজন হচ্ছেন। তবে তিনি থামার পাত্র নন। তিনি মনে করেন তিনি অন্যায় পথে থাকেন না, অন্যায়ের সঙ্গে আপোশ করেন না, তাই তিনি বিতর্কিত। তাই তো দ্য ওয়ালকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে তিনি পরিষ্কার জানিয়ে দিলেন, মুর্শিদাবাদে তাঁর দল ভোট লুট করেই জিতেছে।

ভরতপুরের তৃণমূল বিধায়ক হুমায়ুন কবীর ইতিমধ্যেই ঘোষণা করেছেন ২২ ডিসেম্বর তিনি নতুন দলের নাম ঘোষণা করবেন। তৃণমূলের বিধায়ক হয়েও এইভাবে নতুন দল গঠন করার কথা ঘোষণা করার সঙ্গে সঙ্গেই তিনি দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের এসআইআর সংক্রান্ত মন্তব্যেরও সমালোচনা করতে ছাড়েননি। এইভাবে একেবারে দলের সুপ্রিমোর সমালোচনা করা, না, সাম্প্রতিক সময়ে আর কেউ করেছে বলে মনে হয় না। তবু অকুতোভয় হুমায়ুন। জেলার রাজনীতি করে উঠে আসা হুমায়ুন কবীর এখন আর কোনও কিছুরই তোয়াক্কা করছেন না। সরাসরিই জানিয়ে দিচ্ছেন কীভাবে মুর্শিদাবাদ জেলায় তাঁর দল (তৃণমূল কংগ্রেস) পুলিশ-প্রশাসনকে সঙ্গে নিয়ে ভোট লুট করে।

একেবারে খাতা খুলে লাইন ধরে ধরে হুমায়ুন বোঝাতে থাকেন ভোটের আগে কীভাবে ফার্স্ট পোলিং অফিসার থেকে শুরু করে সেন্ট্রাল ফোর্স, কাকে কী ওষুধ দিয়ে ভোট করাতে হয়। কাকে হুমকি দিতে হয় আর কাকে অন্য(!) কিছু। না, কোনও রাখঢাক না করেই হুমায়ুন বলে চলেন, 'কে দিল্লিতে আছে, কে বোম্বেতে আছে, তাদের ভোটগুলি দেওয়াতে হবে তো। তাই যেখানে যাকে যা বলার সেটা ভোটের আগে থেকেই ঠিক করে রাখা হয়।' আপনিও কী এইভাবে ভোট লুট করেছেন? প্রশ্নের জবাবে সপাটে ছয় মেরে হুমায়ুন কবীর জানিয়ে দিলেন - ম্যান পাওয়ার, মাসল পাওয়ার কাজে না লাগালে জেলায় রাজনীতি করা যায় না। তাই তিনিও তাই করেছেন।

তৃণমূলের এই বিক্ষুব্ধ নেতা তাঁর ভবিষ্যৎ পরিকল্পনা নিয়েও খোলামেলা জানালেন, যদিও এখনও তিনি তৃণমূলের বিধায়ক, তবে আগামী ২২ ডিসেম্বর মুর্শিদাবাদের বহরমপুরের টেক্সটাইল মোড়ে ৫০ হাজার মানুষের জমায়েত করে নতুন দলের আত্মপ্রকাশ করাবেন। দলের নাম ঠিক করেছেন কিনা, বা নির্বাচন কমিশনের খাতায় নাম রেজিস্ট্রেশন করিয়েছেন কিনা সেই প্রসঙ্গে ইঙ্গিতপূর্ণ হাসি দিয়ে হুমায়ুন কবীর জানালেন যথা সময়ে সব জানান হবে।

কিন্তু কেন হঠাৎ তৃণমূলের প্রতি তাঁর এত বিরাগ, জানতে চাইলে তিনি পরিষ্কার জানিয়ে দিলেন মমতা বন্দ্যোপাধ্যায়কে এখনও তিনি দেশের সেরা রাজনৈতিক নেতা বলে মনে করেন, তবে দল তাঁকে যোগ্য মর্যাদা দেয়নি, তাই তাঁর অভিমান। অভিমান রয়েছে তাঁর প্রথম রাজনৈতিক শিক্ষাগুরু অধীর চৌধুরীর প্রতিও। তাই তৃণমূল বা কংগ্রেস নয়, নতুন দল গড়েই নিজের ভবিষ্যৎ স্থির করতে চাইছেন তিনি।

# সিনেমার খবর

## বিজ্ঞাপন বিতর্ক: রাজস্থানে ফের আইনি জটিলতায় সালমান খান

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউড সুপারস্টার সালমান খান ফের রাজস্থানের আদালতে আইনি তদন্তের মুখে। এবার কোনো বন্যপ্রাণী শিকার নয়, বরং একটি পান মশলা ব্র্যান্ডের বিভ্রান্তিকর বিজ্ঞাপন প্রচারের অভিযোগে তাঁর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

কোটা ক্রেতা সুরক্ষা আদালত এই অভিযোগের ভিত্তিতে অভিনেতা সালমান খান এবং পণ্য উৎপাদনকারী সংস্থাকে আইনি নোটিশ জারি করেছে।

ভারতীয় জনতা পার্টির (বিজেপি) নেতা এবং রাজস্থান হাইকোর্টের আইনজীবী ইন্দর মোহন সিং হানি কোটা ক্রেতা সুরক্ষা আদালতে এই অভিযোগটি দায়ের করেন। অভিযোগে বলা হয়েছে, যে পান মশলা ব্র্যান্ডটির বিজ্ঞাপন সলমন খান অনুমোদন করেছেন, সেখানে গ্রাহকদের বিভ্রান্ত করা হচ্ছে।

আবেদনকারী তাঁর অভিযোগপত্রে বিশেষভাবে উল্লেখ করেন যে, বিজ্ঞাপনে পানমশলার প্যাকেটে 'কেশর' থাকার যে প্রচার করা হচ্ছে, তা সম্পূর্ণ ভুল ও মিথ্যা। তিনি উল্লেখ করেন, বর্তমানে কেশরের বাজার মূল্য প্রতি কেজিতে প্রায় ৪ লক্ষ টাকা। ৫ টাকা মূল্যের একটি পণ্যের মধ্যে এত দামি উপাদান থাকা অসম্ভব। এই ধরনের বিজ্ঞাপন গ্রাহকদের ভুল তথ্য দিয়ে পণ্য কিনতে উৎসাহিত করছে।

কোটা ক্রেতা সুরক্ষা আদালত অভিযোগটি আমলে নিয়ে অভিনেতা সালমান খান এবং সংশ্লিষ্ট পান মশলা উৎপাদনকারী সংস্থার কাছ থেকে দ্রুত প্রতিক্রিয়া চেয়েছে।

অতীতে যোধপুরে কৃষ্ণসার হরিণ শিকার মামলায় দীর্ঘদিন ধরে আইনি জটিলতার মধ্যে থাকা সালমান খানের জন্য রাজস্থান থেকে আসা এই নতুন অভিযোগ ফের তাঁকে বিতর্কের কেন্দ্রে নিয়ে এল।

এই মামলার পরবর্তী শুনানির দিন ২৭ নভেম্বর নির্ধারণ করা হয়েছে।

## দুটি বিলাসবহুল ফ্ল্যাট বেচে দিলেন অমিতাভ বচ্চন

স্টাফ রিপোর্টার, রোজদিন



সম্প্রতি একসঙ্গে মুম্বাইয়ের দুটি বিলাসবহুল ফ্ল্যাট বিক্রি করেছেন বলিউডের শাহেনশাহ অমিতাভ বচ্চন। ভারতীয় গণমাধ্যমের এক প্রতিবেদনে বলা হয়, অমিতাভ তার মুম্বাইয়ের পূর্ব গোরেগাঁওয়ের একটি অভিজাত আবাসনের দুটি ফ্ল্যাট বিক্রি করেছেন। এই ফ্ল্যাট দুটি তিনি ২০১২ সালে ৮.১২ কোটি টাকা দিয়ে কিনেছিলেন। দীর্ঘ ১৩ বছর পর এই সম্পত্তি বিক্রি করে বেশ মোটা অঙ্কের লাভ করেছেন বিগ বি।

প্রতিটি ফ্ল্যাট ৬ কোটি টাকা করে, অর্থাৎ দুটি ফ্ল্যাট মোট ১২ কোটি টাকাতে বিক্রি করেছেন অমিতাভ। ফ্ল্যাট দুটির বিক্রির প্রক্রিয়া সম্পন্ন হয়েছে চলতি বছরের ৩১ অক্টোবর ও ১ নভেম্বর। প্রথম ফ্ল্যাটটির জন্য স্ট্যাম্প ডিউটি বাবদ খরচ হয়েছে ৩০.৩ লাখ টাকা।

দুটি ফ্ল্যাটের সঙ্গেই রয়েছে গাড়ি রাখার সুব্যবস্থা। এর আগে, ২০২৫ সালের জানুয়ারিতেও অমিতাভ আন্ধেরিতে ৫,১৮৫ বর্গফুটের একটি ডুপ্লেক্স ফ্ল্যাট ৮৩ কোটি টাকাতে বিক্রি করেছিলেন। বিশেষজ্ঞদের মতে, জমি বা রিয়েল এস্টেটে বিনিয়োগকেই সবচেয়ে সুরক্ষিত এবং লাভজনক মনে করেন তারকারা। অমিতাভের মতো তার ছেলে অভিষেক বচ্চনও সম্পত্তি কেনাবেচায় বেশ আগ্রহী।

## মেয়েকে যে অভ্যাস পরিবর্তন করতে বললেন শাহরুখ




স্টাফ রিপোর্টার, রোজদিন

সম্প্রতি ৬০ বছরে পা রেখেছেন বলিউড বাদশা শাহরুখ খান। জন্মদিন উপলক্ষে শুভেচ্ছাবার্তায় সিক্ত হন অভিনেতা। বাবাকে শুভেচ্ছা জানিয়ে সোশ্যাল মিডিয়ায় পোস্ট করেন মেয়ে সুহানা খানও।

বাবাকে শুভেচ্ছা জানিয়ে সুহানা লিখেছিলেন, 'বাদশার রাজকন্যা'। আর সেই পোস্ট শেয়ার করেই মেয়েকে বিশেষ উপদেশ দিলেন শাহরুখ খান।

এক্স হ্যান্ডেলে মেয়ের পোস্ট শেয়ার করে শাহরুখ লেখেন, 'খুব ভালোবাসি তোমাকে। তবে ব্ল্যাক কফি খাওয়ার অভ্যাসটা কমাও। কারণ তুমি এখনো ছোট।'

এরপর এই টুইট ভাইরাল নেটপাড়ায়। অনুরাগীরা বলছেন, হাজারো ব্যস্ততা সত্ত্বেও সন্তানের ছোটখাটো অভ্যাস নজর এড়ায় না শাহরুখের। এখানেই তো তিনি সকলের থেকে আলাদা। কেউবা বললেন, শত ব্যস্ততা সত্ত্বেও পরিবারকে কীভাবে আগলে রাখা যায়, সেই পাঠ বাদশার কাছ থেকে নেওয়া উচিত।

প্রসঙ্গত, গত ২ নভেম্বর শাহরুখের জন্মদিনে প্রকাশ্যে আসে 'কিং' ছবির প্রথম ঝলক। এতে একটি চরিত্রে অভিনয় করেছেন সোহানা। ছবিটি পরিচালনা করছেন 'পাঠান' নির্মাতা সিদ্ধার্থ আনন্দ।

# একদিনে পড়ল ১৫ উইকেট, স্পিনারদের নৈপুণ্যে জয়ের পথে ভারত

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দক্ষিণ আফ্রিকাকে অল্পতে গুটিয়ে দেওয়ার পর ভারতও পারল না দুইশ ছুঁতে। এরপর প্রোটিয়াদের ব্যাটিংয়ে আবার ধস নামালেন স্বাগতিকদের স্পিনাররা। ফলে কলকাতা টেস্টের দ্বিতীয় দিন শেষেই জয়ের সুবাস পাচ্ছে তারা।

শনিবার ইডেন গার্ডেন্সে বোলারদের দাপটে পড়েছে মোট ১৫ উইকেট। ১ উইকেটে ৩৭ রান নিয়ে নেমে ভারতের প্রথম ইনিংস থামে ১৮৯ রানে। আগের দিন প্রথম ইনিংসে ১৫৯ রানে অলআউট হওয়া দক্ষিণ আফ্রিকা দিন শেষ করেছে ৭ উইকেটে ৯৩ রানে। হাতে ৩ উইকেট নিয়ে তাদের লিড মাত্র ৬৩ রানের।

ভারতের প্রথম ইনিংসে দক্ষিণ আফ্রিকার অফ স্পিনার সাইমন হার্মার ৩০ রানে ৪ উইকেট ও ডানহাতি পেসার মার্কো ইয়ানসেন ৩৫ রানে ৩ উইকেট পান। এরপর সফরকারীদের দ্বিতীয় ইনিংসে একের পর এক আঘাত হানেন স্বাগতিকদের তিন বাঁহাতি স্পিনার। রবীন্দ্র জাদেজার শিকার ২৯ রানে ৪ উইকেট। এছাড়া, কুলদীপ যাদব ১২ রানে দুটি ও অক্ষর প্যাটেল ৩০ রানে একটি উইকেট নেন।

দিনের প্রথম ঘণ্টা নির্বিঘ্নে কাটিয়ে দেন ওপেনার লোকেশ রাহুল ও নাইটওয়াচম্যান ওয়াশিংটন সুন্দর। পানি পানের বিরতির পর দ্বিতীয় বলেই ভাঙে তাদের ৫৭ রানের জুটি। হার্মারের বলে স্লিপে এইডেন মার্করামের তালুবন্দি হন সুন্দর। তিনি করেন ৮২ বলে ২৯ রান।



এরপর বড় ধাক্কা খায় ভারত। ক্রিজে গিয়ে মাত্র ৩ বল খেলেই মাঠ ছাড়তে হয় অধিনায়ক শুবমান গিলকে। স্লগ সুইপ করে ব্যাকওয়ার্ড স্কয়ার দিয়ে চার মারার পরপর চোট পান। কাঁধ নড়াতেই পারছিলেন না তিনি। আহত অবসরে যাওয়া গিল পরে আর ব্যাটিংয়ে নামতে পারেননি।

ক্রিজে গিয়ে আগ্রাসী ঢঙে খেলতে থাকেন রিশভ পান্ত। তবে লাঞ্চের আগেই সাজঘরে ফেরেন তিনি ও রাহুল। রাহুল দলের পক্ষে সর্বোচ্চ ৩৯ রান করেন ১১৯ বলে। পান্তের ব্যাট থেকে আসে ২৪ বলে ২৭ রান। এই ইনিংস খেলার পথে হাঁকানো দুটি ছক্কায় একটি রেকর্ডের মালিক হয়েছেন তিনি। টেস্টে ভারতের হয়ে সর্বোচ্চ ৯২টি ছক্কা এখন পান্তের। ৯১টি ছক্কা নিয়ে বিরেন্দর শেবাগ নেমে গেছেন দ্বিতীয় স্থানে।

৪ উইকেটে ১৩৮ রান নিয়ে প্রথম সেশন শেষ করা ভারত দ্বিতীয় সেশনে হুড়মুড় করে ভেঙে পড়ে। ধ্রুব জুরেল (১৪ বলে ১৪ রান), জাদেজা (৪৫ বলে ২৭ রান) ও অক্ষরকে (৪৫ বলে ১৬ রান) ইনিংস লম্বা করতে দেননি হার্মার। অক্ষরকে ইয়ানসেনের ক্যাচ বানিয়ে ৫ উইকেট পূর্ণ করার পাশাপাশি ভারতের ইনিংসের ইতি ঘটান তিনি। কুলদীপ ও মোহাম্মদ সিরাজকে বিদায় করেন ইয়ানসেন।

৩০ রানে পিছিয়ে থেকে ফের ব্যাটিংয়ে নামা প্রোটিয়ারা প্রথম উইকেট হারায় সপ্তম ওভারে। রায়ান রিকেলটনকে এলবিডব্লিউয়ের ফাঁদে ফেলেন কুলদীপ। তারপর ধ্বংসযজ্ঞ শুরু করেন জাদেজা। ফলে নিয়মিত বিরতিতে উইকেট পড়তে থাকে। একে একে জাদেজার শিকার হন এইডেন মার্করাম, ভিয়ান মুল্ডার, টনি ডি জর্জি ও ট্রিস্টান স্টাবস। কাইল ভেরেইনা ও ইয়ানসেনকে যথাক্রমে অক্ষর ও কুলদীপ আউট করেন। সতীর্থদের আসা-যাওয়ার মাঝে একপ্রান্ত আগলে আছেন টেম্বা বাভুমা। দক্ষিণ আফ্রিকার অধিনায়ক অপরাজিত ৭৮ বলে ২৯ রানে। অলৌকিক কিছু না ঘটলে আগামীকাল তৃতীয় দিনেই ফয়সালা হতে যাচ্ছে এই টেস্টের।

## অ্যাশেজে অস্ট্রেলিয়ার ‘বুড়ো দল’ নিয়ে সমালোচনা স্টিভ ওয়াহর

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আগামী ২১ নভেম্বর পার্থে শুরু হতে যাচ্ছে মর্যাদার অ্যাশেজ সিরিজ। প্রথম ম্যাচের জন্য আজ ১৫ জনের দল ঘোষণা করেছে ক্রিকেট অস্ট্রেলিয়া (সিএ)। এ দল খেলোয়াড়দের বয়স নিয়ে বেশ সমালোচনা শুরু হয়েছে। অজিদের দলে কেবল একজন খেলোয়াড়ের বয়স ৩০ বছরের নিচে।

দলে প্রথমবারের মতো সুযোগ পেয়েছেন ৩১ বছর বয়সী জ্যাক ওয়েদারাল্ড। পেস আক্রমণে মিচেল স্টার্কের বয়স ৩৫, জশ হ্যাজেলউড ৩৪ ও স্কট বোল্যান্ড ৩৬। ব্যাকআপ পেসার হিসেবে রয়েছেন ৩৩ বছর বয়সী শন অ্যাবট এবং ৩১ বছর বয়সি ব্রেন্ডন ডগেট। স্পেশালিস্ট স্পিনার নাথান লায়নের বয়স ৩৭।

ব্যাটিং বিভাগে উসমান খাওয়াজার বয়স ৩৮, ট্রাভিস হেড ও মার্নাস লাবুশেনের ৩১, স্টিভেন স্মিথের বয়স ৩৬। দুই উইকেটকিপার জশ ইংলিস ও অ্যালেক্স ক্যারির বয়স যথাক্রমে ৩০ ও ৩৪ বছর। অলরাউন্ডার বাউ ওয়েবস্টারের বয়সও ৩১। দলের একমাত্র ৩০ বছরের নিচের খেলোয়াড় ক্যামেরন গ্রিন। এই অলরাউন্ডারের বয়স ২৬ বছর।



এ দল নিয়েই সমালোচনা করেছেন সাবেক অস্ট্রেলিয়ান অধিনায়ক স্টিভ ওয়াহ। তার মতে, প্রধান নির্বাচক বেইলির তরুণদের সুযোগ দেওয়ার সাহস নেই।

স্টিভ ওয়াহর মন্তব্যের জবাব দিয়েছেন প্রধান নির্বাচক জর্জ বেইলি। তিনি বলেন, আমরা জানি দলের বয়স কাঠামো কেমন। কিন্তু শুধু বয়সের কারণে কী নাথান লায়ন বা মিচেল স্টার্ককে বাদ দেব? যারা ভালো খেলছে, তারা নির্বাচনের যোগ্য। অভিজ্ঞতাকেও সম্মান দেওয়া উচিত।

ঘোষিত দলে জায়গা হয়নি তরুণ ওপেনার স্যাম কনস্টাসের। ২০ বছর বয়সী এই ক্রিকেটার গত এক বছরে দ্বিতীয়বারের মতো দল থেকে বাদ পড়েছেন। স্যামের বাদ পড়া নিয়ে বেইলি বলেন, স্যামির জন্য খারাপ লাগছে। এখন সে যদি সামান্য কিছু করে, সেটিও শিরোনাম হয়ে যায়।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR